**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 14-07-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা উদয়পুরে ৯৩ কোটি টাকারও বেশি মূল্যের একগুচ্ছ প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।**

**(২) পরিবহন দপ্তর ও ট্রাফিক পুলিশের সমন্বিত উদ্যোগের ফলে রাজ্যে সড়ক দুর্ঘটনা হ্রাস পেয়েছে। জানিয়েছেন পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী।**

**(৩) প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং 'কার্গিল বিজয় দিবস' উদযাপনের অংশ হিসেবে শৌর্য বিজয় যাত্রার সূচনা করেন।**

**(৪) ইউরোপের সেরা দুই ফুটবল শক্তি স্পেন ও ফ্রান্স আজ বিশ্বকাপ সেমিফাইনালে মুখোমুখি।**

************************************************

**CM–Udaipur :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ উদয়পুরের রাজর্ষি হলে আয়োজিত অনুষ্ঠানে ৯৩ কোটি টাকারও বেশি মূল্যের বেশ কয়েকটি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। তাছাড়া তিনি মুখ্যমন্ত্রী নিরাময় আরোগ্য অভিযানের দ্বিতীয় পর্যায়ের সূচনা করেন। পাশাপাশি স্টপ ডায়রিয়া কর্মসূচিরও সূচনা করেন মুখ্যমন্ত্রী। তিনি ভার্চুয়ালি উদয়পুর ইংলিশ মিডিয়াম স্কুল, ভগিনী নিবেদিতা স্কুল ও রমেশ স্কুলে সিন্থেটিক ফুটবল টার্ফ এবং উদয়পুর এস.ডি.এম অফিস কমপ্লেক্সের টাইপ-থ্রি আবাসন উদ্বোধন করেন। তাছাড়া তিনি উদয়পুর মহকুমা হাসপাতালের নতুন বহুতল ভবন নির্মাণ, ডাকবাংলো রোড সম্প্রসারণ, গোমতী জেলা শ্রম দপ্তরের নতুন ভবন ও কাকড়াবন উচ্চ বিদ্যালয়ে সিন্থেটিক টার্ফ ফুটবল মাঠের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন অর্থমন্ত্রী প্রণজিৎ

সিংহ রায়, শ্রমমন্ত্রী টিঙ্কু রায়। উপস্থিত ছিলেন বিধায়ক অভিষেক দেবরায়, গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায় ও উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার, স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে জেলা শাসক রিঙ্কু লাথের প্রমুখ।

********************************

**CM Niramay Arogya Abhiyan-Sepahijala :** 14/07/2026

জেলাশাসক ড. সিদ্ধার্থ শিব জয়সওয়াল আজ সিপাহীজলা জেলায় মুখ্যমন্ত্রী নিরাময় আরোগ্য অভিযানের দ্বিতীয় পর্বের সূচনা করেন। এ উপলক্ষ্যে বিশালগড় মহকুমার অন্তর্গত মধুপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়।

******************************

**Census-West Tripura :**

জনগণনার প্রাথমিক পর্যায়ে আগামী ১৭ই জুলাই থেকে পশ্চিম ত্রিপুরা জেলায় শুরু হচ্ছে স্ব-গণনার কাজ। চলবে আগামী ৩১শে জুলাই পর্যন্ত। আজ জেলা শাসক ডাঃ বিশাল কুমার আজ সাংবাদিক সম্মেলনে জানান, এই প্রথমবারের মত ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে স্ব-গণনার ব্যবস্থা চালু করা হয়েছে। এতে প্রতিটি পরিবার অনলাইনে জনগননার তথ্য প্রদান করতে পারবেন। সকাল ৬টা থেকে রাত ১২টা পর্যন্ত স্ব-গণনার পোর্টাল খোলা থাকবে। তাছাড়া দ্বিতীয় পর্যায়ে আগামী পয়লা আগস্ট থেকে ৩০শে আগস্ট পর্যন্ত জেলার সর্বত্র গৃহ গণনা শুরু হবে।

*****************************

**Rath Yatra-Melaghar :**

আগামী বৃহস্পতিবার রথযাত্রা। তবে তার আগেই আগামীকাল মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা মেলাঘরে নয়দিনব্যাপী ঐতিহ্যবাহী রথের মেলা

উদ্বোধন করবেন। উল্টো রথ পর্যন্ত চলবে এই মেলা। হাজার হাজার পুন্যার্থীর মিলনক্ষেত্রে পরিণত হবে মেলাঘরের জগন্নাথবাড়ি প্রাঙ্গণ।

****************************

**TSECL :**

আগামী ১৬ই জুলাই রথযাত্রা এবং ২২শে জুলাই উল্টো রথযাত্রা উপলক্ষে রাজ্যজুড়ে নিরাপদ, নির্বিঘ্ন ও আনন্দমুখর উৎসব নিশ্চিত করতে প্রস্তুতি গ্রহণ করেছে রাজ্য বিদ্যুৎ নিগম। এই উদ্দেশ্যে নিগমের ব্যবস্থাপক অধিকর্তা বিশ্বজিৎ বসু আজ এক নির্দেশিকা জারি করেছেন। এর মূল বিষয় হল রথযাত্রার সময় রাজ্যের বিভিন্ন প্রান্তে অনুষ্ঠিত শোভাযাত্রা ও ধর্মীয় অনুষ্ঠানে অংশ নেওয়া হাজার হাজার ভক্তের নিরাপত্তা নিশ্চিত করা এবং কোথাও বিদ্যুৎ সংক্রান্ত দুর্ঘটনা রোধ করা। রথযাত্রার রুটে থাকা সমস্ত ওভারহেড লাইন, বৈদ্যুতিক খুঁটি, ট্রান্সফরমার সহ বিদ্যুৎ পরিকাঠামোর আগাম পরিদর্শন সম্পন্ন করতে বিদ্যুৎ নিগমের আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে। কোথাও কোনও ত্রুটি বা সম্ভাব্য ঝুঁকি চিহ্নিত হলে তা অবিলম্বে মেরামতের নির্দেশ দেন।

*************************

**Motor Vehical-Workshop :**

পরিবহন দপ্তর ও ট্রাফিক পুলিশের সমন্বিত উদ্যোগের ফলে রাজ্যে সড়ক দুর্ঘটনা হ্রাস পেয়েছে বলে জানিয়েছেন পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী। আজ আগরতলার প্রজ্ঞা ভবনে সড়ক নিরাপত্তা সচেতনতামূলক সেমিনারে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, গত বছরের তুলনায় রাজ্যে সড়ক দুর্ঘটনার হার ১৩ শতাংশ কমেছে। কমেছে মৃত্যুর হারও। পথ দুর্ঘটনায় আহত ব্যক্তিদের দ্রুত উদ্ধার ও উন্নত চিকিৎসা নিশ্চিত করতে রাজ্য সরকার একাধিক গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছে। 'পিএম রাহাত' প্রকল্পের আওতায় দুর্ঘটনাগ্রস্ত ব্যক্তিদের উদ্ধার করে হাসপাতালে পৌঁছে দিলে উদ্ধারকারীকে পরিবহন দপ্তরের পক্ষ থেকে ২৫ হাজার টাকা পুরস্কার দেওয়া হচ্ছে। পরিবহনমন্ত্রী আরো জানান, এই প্রকল্পের মাধ্যমে গত বছর দুর্ঘটনাগ্রস্ত

১৩ জনের জীবন রক্ষা পেয়েছে। কর্মশালায় রাজ্য পুলিশের আই.জি.পি মঞ্চাক ইপ্পার জানান, গত তিন বছরে রাজ্যে প্রায় ৭০ হাজার ড্রাইভিং লাইসেন্স বাজেয়াপ্ত করা হয়েছে এবং কয়েক হাজার লাইসেন্স সাময়িকভাবে স্থগিত করা হয়েছে।

*******************************

**Voice Over-Catch the Rain :**

ভূগর্ভস্থ জল স্তর রক্ষা বর্তমানে অন্যতম চ্যালেঞ্জ। বছরে প্রায় ২২০০ মিলিমিটার বৃষ্টিপাতকে কাজে লাগিয়ে ত্রিপুরায় জোরকদমে শুরু হয়েছে 'জল শক্তি অভিযান: ক্যাচ দ্য রেইন' কর্মসূচি। অপচয়ের বদলে বৃষ্টির জল ধরে রেখে কাজে লাগানোর এক অভিযান। পাশাপাশি, পানীয় জল ও স্বাস্থ্যবিধি দপ্তর নিয়ন্ত্রক বাঁধ ও জলাধার নির্মাণের মাধ্যমে দুর্গম এলাকায় জল সংরক্ষণ করছে। একটি প্রতিবেদন।

##########VC##########

******************************

**Review Meeting :**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস আজ আগরতলায় রাজ্য অতিথিশালায় পশ্চিম জেলাভিত্তিক পর্যালোচনা বৈঠকে পৌরহিত্য করেন। এই বৈঠকে প্রানী সম্পদ বিকাশ, মৎস্য ও তপশিলি জাতি কল্যাণ দপ্তরের কাজকর্ম বিস্তারিত পর্যালোচনা করা হয়। মন্ত্রী শ্রী দাস প্রকল্প বাস্তবায়নের প্রতিটি পর্যায়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা বজায় রাখার জন্য আধিকারিকদের নির্দেশ দেন। বৈঠকে ২০২৬-২৭ অর্থ বছরে পশ্চিম ত্রিপুরা জেলার গৃহীত বিভিন্ন কেন্দ্রীয় ও রাজ্য সরকারের প্রকল্পগুলি দ্রুত বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। বৈঠকে পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল, বিধায়ক অন্তরা দেব সরকার, আগরতলা পুর নিগমের ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত প্রমুখ উপস্থিত ছিলেন।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**Shaurya Vijay Yatra :**

এবছর দেশজুড়ে 'কার্গিল বিজয় দিবস' উদযাপনের অংশ হিসেবে আজ প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং নতুনদিল্লির জাতীয় যুদ্ধ স্মারক থেকে লাদাখের দ্রাসে অবস্থিত কার্গিল যুদ্ধ স্মারক পর্যন্ত ১৩ দিনব্যাপী 'শৌর্য বিজয় যাত্রার সূচনা করেন। এটি একটি স্মারক মোটরসাইকেল অভিযান। কার্গিল যুদ্ধে ভারতীয় সেনাদের সাহস, দৃঢ় সংকল্প ও সর্বোচ্চ আত্মত্যাগের প্রতি শ্রদ্ধা জানাতে তাঁরা উত্তর হিমালয়ের দুর্গম ভূখণ্ড পাড়ি দিয়ে ১ হাজার ৯০০ কিলোমিটার পথ অতিক্রম করবেন। এই অভিযানের মূল ভাবনা হলো- 'এক রাইড, এক দেশ, এক স্যালুট'।

****************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬শে জুলাই, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে

মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩৬তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে। ফোনলাইন এ মাসের ২৪ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

****************************

**FIFA World Cup :**

ফুটবল বিশ্বকাপের প্রথম সেমিফাইনালে ভারতীয় সময় আজ রাত সাড়ে বারোটায় মুখোমুখি হতে চলেছে ফ্রান্স ও স্পেন। মার্কিন যুক্তরাষ্ট্রের ডালাস স্টেডিয়ামে এই ম্যাচটি অনুষ্ঠিত হবে। আগামীকাল দ্বিতীয় সেমিফাইনাল ম্যাচে প্রতিদ্বন্দ্বিতা করবে ইংল্যান্ড ও আর্জেন্টিনা। ফাইনাল ম্যাচটি অনুষ্ঠিত হবে আগামী রবিবার। সেমিফাইনালের পরাজিত দল দুটির মধ্যে তৃতীয় স্থান নির্ধারণী ম্যাচটি অনুষ্ঠিত হবে আগামী শনিবার ভারতীয় সময় মধ্যরাতে।

***************************

**Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় সরোজ সংঘ জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় সরোজ সংঘ ৫-০ গোলে নবোদয় সংঘকে হারিয়ে দেয়। বিজয়ী দলের লালচুয়াং মুইয়া ডার্লং হ্যাটট্রিক করে।

******************************

**Weather :**

ভারতের আবহাওয়া বিভাগ জানিয়েছে, উত্তর বঙ্গোপসাগর এবং সংলগ্ন পশ্চিমবঙ্গ-বাংলাদেশ উপকূলে নিম্নচাপের প্রভাবে বর্ষা পুনরায় সক্রিয় হতে চলেছে। এরফলে আগামীকাল থেকে ১৮ই জুলাই পর্যন্ত ত্রিপুরা সহ নাগাল্যান্ড, মণিপুর ও মিজোরামে অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে।

এদিকে, আগরতলায় আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, সিপাহীজলা, গোমতী ও দক্ষিণ জেলায় ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস।

**************************